

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৯, ২০২৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৫ আষাঢ়, ১৪৩০/০৯ জুলাই, ২০২৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৫ আষাঢ়, ১৪৩০ মোতাবেক ০৯ জুলাই, ২০২৩ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০২৩ সনের ১৮ নং আইন

সরকারি চাকরি আইন, ২০১৮ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন সরকারি চাকরি (সংশোধন) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০১৮ সনের ৫৭ নং আইনের ধারা ১ এর সংশোধন।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১ এর—

(ক) উপ-ধারা (৩) এ উল্লিখিত “এই আইনের বিধানাবলি” শব্দগুলির পরিবর্তে “এই আইনের বিধানাবলি, উপ-ধারা (৪ক) সাপেক্ষে,” শব্দগুলি, কমাগুলি, চিহ্ন, সংখ্যা এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৯২০৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) উপ-ধারা (৩) এর দফা (ক) এ উল্লিখিত “চাকরি বা” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(গ) উপ-ধারা (৪) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৪ক) সন্নিবেশিত হইবে, যথা :—

“(৪ক) উপ-ধারা (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই আইনের ধারা ১৫, ৪১, ৪২, ৪৩, ৪৪ ও ৪৫ এর বিধানসমূহ স্ব-শাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মচারীগণের জন্যও প্রযোজ্য হইবে।”।

৩। ২০১৮ সনের ৫৭ নং আইনের ধারা ৪৮ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪৮ এ উল্লিখিত “৫১” সংখ্যার পরিবর্তে “৪৯” সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

৪। ২০১৮ সনের ৫৭ নং আইনের ধারা ৫০ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৫০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “১৭” সংখ্যার পরিবর্তে “১৫” সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

৫। ২০১৮ সনের ৫৭ নং আইনের ধারা ৫৯ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৫৯ এর উপ-ধারা (১) এর প্রথম লাইনে উল্লিখিত “সরকারি” শব্দটির পূর্বে “কমিশনের সহিত পরামর্শক্রমে,” শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে।

কে, এম, আব্দুস সালাম
সিনিয়র সচিব।